# অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

## মন্ত্রণালয়/বিভাগের নাম-বিআইডব্লিউটিএ

মাসের নামঃ **নভেম্বর/২০২৪**

| পূর্ব মাসের অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগ | | মোট অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্রযোগে | অনলাইনে | | | | | |
| ১টি | নাই | নাই | ১টি | ১টি | নাই | পূর্বের মাসের ১টি এবং নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণঃ<br><br>১। ট্রাকিং নম্বর-১৫৮০১৩৩৯৯৯০০০১ তারিখঃ ০৩/১০/২০২৪ এর মাধ্যমে জনাব মোঃ নজরুল ইসলাম (মোবাইল নং-০১৫৮০১৩৩৯৯৯) কর্তৃক বিআইডব্লিউটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) আওতায় একটি অভিযোগ দাখিল করা হয়। অভিযোগ পত্রে উল্লেখ করা হয় যে, ঢাকার মিরপুর-১৪ সংসদীয় আসনের কাউন্দিয়া ইউনিয়নে ২০২৪ সালের শুরুর দিকে এলজিইড'র টেন্ডারের মাধ্যমে (টেন্ডার আইডি নং ৯৩৫৬৩৮) এন ডি এ কনষ্ট্রাকশন কোম্পানি ব্রীজ নির্মাণের কাজ পায়। এলাকাবাসীর দীর্ঘ দিনের প্রত্যাশিত ব্রীজের কাজটি শুরু হলেও বর্তমানে নৌপরিবহন মন্ত্রণালয়ের একটি চিঠির প্রেক্ষিতে ব্রীজের কাজটি স্থগিত রয়েছে। উক্ত চিঠিতে উল্লেখ করা হয় যে, ব্রীজের উচ্চতা বাড়াতে হবে। জনগুরুত্ব বিবেচনায় এ বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য তিনি অনুরোধ করেন।<br><br>উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগের মতামত এই যে, গাবতলী-আশুলিয়া নৌ-পথের নবাবেরবাগ (সিন্নিটেক) এলাকায় তুরাগ নদীতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর আবেদনের প্রেক্ষিতে ২০১৫ সালে বিআইডব্লিউটিএ কর্তৃক ইতোপূর্বে ৩য় শ্রেণীর উপযোগীতায় সেতু নির্মাণের ছাড়পত্র প্রদান করা হয়েছিল। দীর্ঘ দিন অতিবাহিত হওয়া সত্ত্বেও সংস্থাটি কর্তৃক সেতু নির্মাণেরে উদ্যোগ গ্রহণ করা হয়নি।<br><br>ঢাকার চারদিকে বৃত্তকার নৌপথের নদীসমূহের দূষণরোধ ও নাব্যতা ফিরে এনে ঢাকা-কে বাসযোগ্য ও আধুনিক শহরে পরিণত করার সরকারী পরিকল্পনাকে যথাযথ বাস্তবায়ন, ভূমিকম্প কিংবা অন্য কোন মহাদূর্যোগে সড়ক যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত হলে উদ্ধার তৎপরতা/ত্রাণ/জ্বালানী সরবরাহের ক্ষেত্রে বৃত্তাকার নৌপথ ব্যবহার আবশ্যকীয় হয়ে পড়বে বিধায় সরকার কর্তৃক বিভিন্ন স্থানে নির্মিত লো-হাইট সেতু প্রতিস্থাপনের পরিকল্পনার প্রেক্ষিতে ঢাকা শহরের চারদিকে বৃত্তকার নৌপথের উক্ত অংশটিকে নৌপরিবহন মন্ত্রণালয় | নাই |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | কর্তৃক দ্বিতীয় শ্রেণী উন্নতিকরণের পরিকল্পনা গ্রহন করেছেন। তদানুযায়ী নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয় কর্তৃক ২০২২ সালে সংযুক্ত পত্র মোতাবেক স্থানীয় সরকার বিভাগসহ ব্রীজ নির্মাণকারী সকল প্রতিষ্ঠানসমূহকে ভবিষৎ জটিলতা পরিহারের লক্ষ্যে বাবুবাজার সেতু -গাবতলী- টঙ্গী কায়েতপাড়া কাঁচপুর সেতু পর্যন্ত অর্থাৎ বুড়িগঙ্গা ব্রীজ-২ হতে কাঁচপুর সেতু পর্যন্ত নৌ-পথের এলাকায় নদীর ওপর দ্বিতীয় শ্রেণী উপযোগী ব্রীজ/স্থাপনা নির্মাণের পরিকল্পনা গ্রহন করার জন্য সকল অংশীজনদের অনুরোধ করেন।<br><br>এছাড়া বিআইডব্লিউটিএ কর্তৃক ২০২৪ সালে নৌ-পথের শ্রেণীবিন্যাস হালনাগাদ করণের লক্ষ্যে "Determination of Standard High Water Level (SHWL), Standard Low Water Level (SLWL) and Re-Classification of Inland Waterways in Bangladesh" নামে প্রকল্পের মাধ্যমে বৃত্তাকার নৌ-পথসহ সারাদেশের নৌ-পথের শ্রেণী পুনর্বিন্যাস করা হয়েছে। প্রস্তাবিত গেজেটে উপরোক্ত সেতুর অংশ নৌ-পথটি আধা-সরকারী পত্রের নির্দেশনা মোতাবেক দ্বিতীয় শ্রেণীতে উন্নীতকরণের প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত গেজেটে ব্রীজ নির্মানের ক্ষেত্রে অনাপত্তি প্রদানের তারিখ হতে পরবর্তী ৩(তিন) বছরের মধ্যে নির্মান কাজ হাতে নেয়া হলে পুনরায় কর্তৃপক্ষ হতে অনাপত্তি পত্র নিতে হবে মর্মে প্রস্তাব রয়েছে যা গেজেটে প্রকাশ প্রক্রিয়াধীন। এরই মধ্যে উক্ত নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট নৌ-পথে দ্বিতীয় শ্রেণী উপযোগীতায় সেতু নির্মাণের একাধিক অনাপত্তি পত্রও বিভিন্ন সংস্থাকে প্রদান করা হয়েছে। এমনকি গত ২৪/০২/২৪ তারিখে নৌ-পম এর মাধ্যমে ২০১৫ সালে ইস্যুকৃত ছাড়পত্রটি বাতিলপূর্বক নতুনভাবে ছাড়পত্র গ্রহণ এবং নির্মাণাধীন সেতুর কজ আপাততঃ বন্ধ রাখার নিমিত্তে সংশ্লিষ্ট মন্ত্রনালয়কে পত্র প্রদান করা হয়েছে।<br><br>এমতাবস্থায়, ২৭/১১/২০২৪ তারিখ অভিযোগটি অনলাইনে নিষ্পত্তি করা হলো। | |

২৭/১১/২৪
(মোঃ আবদুস সাত্তার)
সহকারী সমন্বয় কর্মকর্তা
বিভাগীয় মামলা সেল।

২৭/১১/২০২৪
(নাহিদা বিনতে সাঈদ)
উপ-পরিচালক (মানব সম্পদ)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

২৭.১১.২০২৪
(মোহাম্মদ মিজানুর রহমান)
যুগ্মপরিচালক (মানব সম্পদ)

২৭/১১/২০২৪
এস.এম. শাহেদ রেজা
অতিরিক্ত পরিচালক
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

২৭/১১/২০২৪
নামঃ কাজী ওয়াকিল নওয়াজ
পদবীঃ পরিচালক(প্রশাসন ও মানবসম্পদ)
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক)
ফোন-০২২২৩৩৮৪৬৩৪
ই-মেইল dadmin@biwta.gov.bd
বিআইডব্লিউটিএ'র হট লাইন-১৬১১৩